



যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত



ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ১৪ ফেব্রুয়ারি-২০২৪, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদযাপন পরিষদের উদ্যোগে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় পূজার আয়োজন করা হয়। এবার ৩৩টি বিভাগ, ২টি ইনস্টিটিউট এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল -সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মোট ৩৬টি পূজামন্ডপে পূজা অনুষ্ঠিত হয়। সকালে বিদ্যাদেবী সরস্বতীর বন্দনায় ঢাকঢোল, কাঁসর, শঙ্খ ও উলুধ্বনিতে মুখর হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। বাণী অর্চনা শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী পূজামন্ডপসমূহ পরিদর্শন করেন।

এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক,



শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের উদ্যোগে আয়োজিত সরস্বতী পূজায় অন্যান্য বছরের মতো এবারও বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

পূজামন্ডপ পরিদর্শন শেষে উপাচার্য মহোদয়ের সভাকক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদযাপন পরিষদের আহবায়ক অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, সদস্য সচিব অধ্যাপক ড. সুরঞ্জন কুমার দাস, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, পরিচালক (অর্থ ও হিসাব) ড. মোঃ মহসীন রেজা, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন সহ অন্যান্যরা সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।